

কচ্ছী মেমন আইন, ১৯৩৮

১৯৩৮-এর ১০ নং আইন

[১লা জুন, ১৯৮৮ তারিখে যথা-বিদ্যমান]

সকল কচ্ছী মেমন উত্তরাধিকার ও দায়াদিকার
বিষয়ে মুসলমান বিধি দ্বারা শাসিত হইবে, এইরূপ
ব্যবস্থা করিবার জন্ম আইন।

[৮ এপ্রিল, ১৯৩৮]

যেহেতু ইহা সঙ্গত যে সকল কচ্ছী মেমন উত্তরাধিকার ও
দায়াদিকার বিষয়ে মুসলমান বিধি দ্বারা শাসিত হউক;

অতএব এতদ্বারা নিম্নরূপে বিধিবদ্ধ হইল—

১। (১) এই আইন কচ্ছী মেমন আইন, ১৯৩৮ নামে সংক্ষিপ্ত নাম ও
অভিহিত হইবে। প্রারম্ভ।

(২) ইহা ১৯৩৮-এর নভেম্বর মাসের প্রথম দিনে বলবৎ
হইবে।

২। ৩ ধারার বিধানসমূহের অধীনে, সকল কচ্ছী মেমন কোন কোন বিষয়ে
উত্তরাধিকার ও দায়াদিকার বিষয়ে মুসলমান বিধি দ্বারা কচ্ছী মেমনগণ
শাসিত হইবে। মুসলমান বিধি দ্বারা
শাসিত হইবে।

৩। এই আইনের কোন কিছুই ইহার প্রারম্ভের পূর্বে ব্যাবৃত্তিসমূহ।
অর্জিত বা পরিগৃহীত কোনও অধিকার বা দায়িতাকে, অথবা
ঐরূপ কোন অধিকার বা দায়িতা সম্পর্কিত কোন বৈধিক কার্য-
বাহ বা প্রতিকারকে, প্রভাবিত করিবে না; এবং ঐরূপ যেকোন
বৈধিক কার্যবাহ বা প্রতিকার, যেন এই আইন প্রণীত হয় নাই
এইভাবে, চালানো বা বলবৎ করা যাইতে পারে।

৪। [নিরসন] নিরসন ও সংশোধন আইন, ১৯৪২
(১৯৪২-এর ২৫) ধারা ২ এবং তফসিল ১ দ্বারা নিরাসিত।